গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং: : ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৪১.২০২০/ ৫৭৪ তারিখ: ০৪/০৪/২০২১ খ্রি.

বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় সাধারণ শিক্ষা ধারার ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে চালুকৃত ভোকেশনাল কোর্সে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর এবং ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টদের এমপিওভুক্তি প্রসঙ্গে।

সূত্র : ১। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং -০৭.০০.০০০০.১০২.২০.০৩৭.১৪-৬৭৮, তারিখ: ০৩.১১.২০১৯ খ্রি.।
২। শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.০০২.০০১.২০১৯.৩২৫, তারিখ: ০১.১২.২০১৯ খ্রি.।
৩। শিক্ষা মন্ত্রণালয় স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.৯৯.৪১.২০২০/৩২৪, তারিখ: ০৬.০২.২০২০ খ্রি.।
৪। মাউশি স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৪১.২০২০/৩২৪, তারিখ: ০৬.০২.২০২০খ্রি.।
৫। মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫১৯/Pre.voc-voc.edu (part-৫)/২০২০/৭২৫৪, তারিখ: ২৬/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত সূত্রের প্রেক্ষিতে "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় সাধারণ শিক্ষা ধারার ৬৪০ টি শিক্ষাপ্রতিষ্ঠানে চালুকৃত ভোকেশনাল কোর্সে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর এবং ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টদের এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা চেয়ে পত্র প্রদান করেছেন।

সূত্রোক্ত পত্রে উল্লেখ রয়েছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষা ধারায় নির্বাচিত ৬৪০টি শিক্ষা প্রতিষ্ঠানের (বিদ্যালয়/মাদ্রাসা) মধ্যে ৫৩২টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২০ শিক্ষাবর্ষ হতে ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে। ভোকেশনাল কোর্স বাস্তবায়নের লক্ষ্যে ১নং সূত্রোক্ত স্মারক অনুযায়ী অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের জন্য ০২টি ট্রেড ইন্সট্রাক্টর ও ০২টি ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট এর পদ সৃজন করা হয় এবং ২ নং ও ৩নং সূত্রোক্ত স্মারকে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে ০২জন ট্রেড ইন্সট্রাক্টর ও ০২জন ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয়-এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা অনুসারে ৪নং সূত্রোক্ত পত্র মারফত সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ট্রেডভিত্তিক ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট নিয়োগ করা হয়েছে। ট্রেড ইন্সট্রাক্টরগণের এমপিওভুক্তির আবেদন অনুমোদিত হলেও ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টগণের এমপিওভুক্তির আবেদন ল্যাব স্থাপন পরবর্তী রিপোর্ট জমা না দেওয়ায় আঞ্চলিক উপপরিচালকের কার্যালয় হতে বাতিল করা হচ্ছে। সেসিপ-এর আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভোকেশনাল কর্মসূচির জন্য ভবন নির্মাণ অধিকাংশ ক্ষেত্রে সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ভবনগুলোর নির্মাণ কাজের অগ্রগতি প্রায় ৭৫% (গড়)। সেসিপ কর্তৃক স্থাপিত ল্যাবসমূহে যন্ত্রপাতি সরবরাহের নিমিত্ত ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে।

সাধারণ শিক্ষাধারায় বৃত্তিমূলক কোর্স চালু করার লক্ষ্যে সেসিপের আওতাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারীকৃত ২নং সূত্রোক্ত প্রজ্ঞাপনে ল্যাব স্থাপনের রিপোর্ট সংক্রান্ত কোনো শর্ত আরোপ করা হয়নি এবং ১২.০৬.২০১৮ খি. তারিখে জারীকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এ সাধারণ শিক্ষাধারায় মাধ্যমিক স্তরে বর্ণিত পদগুলো অন্তর্ভুক্ত নাই। ফলে এসকল পদে নিয়োগ ও এমপিওভুক্তির ক্ষেত্রেও কোনো শর্ত আরোপিত হয়নি।

এমপিও প্রক্রিয়াকরণ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে বিগত ০৩ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০৭.২০১৮(খন্ড-১).১২৭ মোতাবেক জারীকৃত শিক্ষক-কর্মচারীগণের এমপিওভুক্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি ও অগ্রগামীকরণ শীর্ষক প্রজ্ঞাপনটি জারি করা হলেও সেসিপের ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্ট এর এমপিওভুক্তির ক্ষেত্রে এটি অনুসৃত হচ্ছেনা।

এমতাবস্থায়, সেসিপের ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত ৫৪৮ টি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ল্যাব এ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এ্যাসিস্ট্যান্টদের অনলাইনে এমপিওভুক্তি করার ব্যাপারে অর্থ মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের পত্র মোতাবেক বিধিমত ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

04/04/2021

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বিতরণ:
১. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
২. জেলা শিক্ষা অফিসার (সকল)।
৩. উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (বেসরকারি মাধ্যমিক-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (বাজেট অনুবিভাগ-২), অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ।
৪. যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)।
৫. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. পি.এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭. সংরক্ষণ নথি।